ভোরের কাগজ

17 APR 2003
পৃষ্ঠা ১২

# ঢাকা ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের দুই উপাচার্যসহ ১২ জনের বিরুদ্ধে মোকদ্দমা দায়ের

আদালত প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ ১২ জনকে আসামি করে ঘোষণামূলক মোকদ্দমা দায়ের করা হয়েছে। আইন বিভাগের প্রভাষক শফিকুর রহমান বাদী হয়ে এ মামলা দায়ের করেন।

গতকাল বুধবার ঢাকার চতুর্থ সহকারী জজ সৈয়দ মাহবুবুর রহমানের আদালতে এ মামলা দায়ের করলে বিচারক আসামিদের আগামী ৩ মে আদালতে হাজির হওয়ার জন্য সমন জারি করেন।

## ঢাকা ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের

● শেষের পাতার পর

অপর আসামিগণ হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক, কোষাধ্যক্ষ ঢা.বি আইন অনুষদের ডিন, আইন বিভাগের চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোক্টর অধ্যাপক আফতাব আহমেদ, অনুসন্ধান কমিটির আহ্বায়ক প্রমুখ।

বাদী আরজিতে বলেন, তার বিরুদ্ধে আসামিগণ পরস্পর-যোগসাজশে মিথ্যা অভিযোগ আনয়ন করেন এবং কথিত তদন্ত কমিটি মিথ্যা ও বানোয়াট তদন্ত প্রতিবেদন দাখিল করেছে। তিনি উক্ত তদন্ত কমিটি বাতিল এবং তাদের বানোয়াট ও মিথ্যা প্রতিবেদন বাতিলের ঘোষণার আবেদন করেন।